




উপজেলা সড়ক নিরাপত্তা কমিটির সভার কার্যবিবরণী:

সভাপতি : কামরুল হাসান, উপজেলা নির্বাহী অফিসার, সোনাগাজী, ফেনী  
সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ  
তারিখ ও সময় : ০৮ এপ্রিল ২০২৪, সকাল: ১১.০০ ঘটিকা  
সভায় উপস্থিতি : পরিশিষ্ট-ক

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় পবিত্র ঈদ-উল-ফিতর ২০২৪ উদযাপন উপলক্ষ্যে সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের ২১/০৩/২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী যাত্রীসাধারণের যাতায়াত নিরাপদ ও নির্বিঘ্ন করার লক্ষ্যে বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্র:	আলোচনা	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী
০১	আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর ২০২৪ উদযাপন উপলক্ষ্যে যাত্রীসাধারণের যাতায়াত নিরাপদ ও নির্বিঘ্ন করার লক্ষ্যে 'উপজেলা সড়ক নিরাপত্তা কমিটি'র সভায় পর্যালোচনা দেখা যায়-চালকদের অদক্ষতা, বেপরোয়াভাবে গাড়ি চালানো, ওভারটেকিং করার প্রবল মানসিকতা, জনগণের সচেতনতার অভাব, ট্রাফিক আইন ও রাস্তায় চলাচলের নিয়ম না মানার জন্য দুর্ঘটনার মুখ্য ও অন্যতম গুরুত্বপূর্ণ কারণ হিসেবে চিহ্নিত করা যায় এবং নির্দিষ্ট লেন না মেনে চালকদের গাড়ি চালানোর প্রবণতা, ফিটনেসবিহীন গাড়ি চালানো, মাদকাসক্ত অবস্থায় গাড়ি চালানো, উল্টো পথে গাড়ি চালানো, পথচারীদের ট্রাফিক আইন না মানার প্রবণতা, সেফটি বেল্ট না ব্যবহার করার প্রবণতা, ফুটপাথে অবৈধ দখল ও দোকানপাট, ওভার ব্রিজ থাকলেও পথচারীদের ব্যবহার না করার প্রবণতা, যত্রতত্র গাড়ি পার্কিং করা, মোটরসাইকেলের ব্যবহার বৃদ্ধি ইত্যাদি রোধের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	১। ফুটপাথে অবৈধ দখল ও দোকানপাট না বসার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য স্ব-স্ব বাজার বণিক সমিতিতে অনুরোধ করা হয়। ২। ফিটনেসবিহীন গাড়ি ও অদক্ষ চালক দ্বারা গাড়ী না চালানোর জন্য বাস/ সিএনজি/ ইমা/ মাইক্রো মালিকগণকে অনুরোধ করা হয়। ৩। গাড়ী চালকদের ওভারটেকিংয়ের বিষয়ে পরিহার করা, ট্রাফিক আইন মেনে চলা, নির্দিষ্ট লেন ব্যবহার করা, মাদকাসক্ত অবস্থায় গাড়ি না চালানো, উল্টো পথে গাড়ি না চালানো এবং বাধ্যতামূলক সেফটি বেল্ট ব্যবহার নিশ্চিত করার জন্য বাস/ সিএনজি/ ইমা/ মাইক্রো মালিক ও চালকদেরকে অনুরোধ করা হয়। ৪। আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর ২০২৪ উদযাপন উপলক্ষ্যে যাত্রীসাধারণের যাতায়াত নিরাপদ ও নির্বিঘ্ন করার লক্ষ্যে সড়কে যাত্রীসাধারণ ও পথচারীদের সতর্কভাবে চলাচল করার বিষয়ে বহুল প্রচার করার জন্য স্ব-স্ব ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করা হয়। ৫। আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর ২০২৪ উদযাপন উপলক্ষ্যে যাত্রীসাধারণের যাতায়াত নিরাপদ ও নির্বিঘ্ন করার লক্ষ্যে পৌরসভা ও ইউনিয়নসমূহে প্রয়োজনীয় সংখ্যক স্বেচ্ছাসেবক নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়। ৬। উপজেলার গুরুত্বপূর্ণ স্থানে ট্রাফিক পুলিশ নিশ্চিত করা এবং যাত্রীসাধারণের চলাচল নির্বিঘ্ন করার লক্ষ্যে চুরি, ছিনতাই রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, সোনাগাজী মডেল থানাকে অনুরোধ করা হয়। ৭। উপজেলার গুরুত্বপূর্ণ স্থানে স্কাউট টিম নিয়োজিত করার জন্য সম্পাদক, উপজেলা স্কাউটস, সোনাগাজীকে অনুরোধ করা হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ; উপজেলা নির্বাহী অফিসার; মেয়র, সোনাগাজী পৌরসভা; সহকারী কমিশনার (ভূমি), অফিসার ইনচার্জ, সোনাগাজী মডেল থানা; চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ; সভাপতি/সম্পাদক, বাস/ সিএনজি/ ইমা/ মাইক্রো মালিক সমিতি ও চালক সমিতি; সভাপতি/সম্পাদক, বাজার বণিক সমিতি (সকল); সম্পাদক, উপজেলা স্কাউটস; ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, সোনাগাজী, ফেনী

আর কোন আলোচনা না সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

  
০৬.০৪.২০২৪

(কামরুল হাসান)

উপজেলা নির্বাহী অফিসার

সোনাগাজী, ফেনী।

☎ ০১৭১৩-১৮৭৩১৯

ই-মেইল : unosonagazi@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.২০.৩০৯৪.০০০.১৮.১৫১.২০১৭- ৩১২

তারিখ: ২০ চৈত্র ১৪৩০  
০৩ এপ্রিল ২০২৪

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১। মাননীয় সংসদ সদস্য, ২৬৭ ফেনী-৩।

২। জেলা প্রশাসক, ফেনী।

৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সোনাগাজী, ফেনী।

৪। মেয়র, সোনাগাজী পৌরসভা, সোনাগাজী, ফেনী।

৫। সহকারী কমিশনার (ভূমি), সোনাগাজী, ফেনী।

৬। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সোনাগাজী, ফেনী।

৭। উপজেলা.....কর্মকর্তা (সকল)/ অফিসার ইনচার্জ, সোনাগাজী মডেল থানা, সোনাগাজী, ফেনী।

৮। চেয়ারম্যান, চরমজলিশপুর, বগাদানা, মজলকান্দি, মতিগঞ্জ, চরদরবেশ, চরচান্দিয়া, সোনাগাজী, আমিরাবাদ, নবাবপুর ইউনিয়ন পরিষদ, সোনাগাজী, ফেনী।

৯। সাবেক কমান্ডার/ডেপুটি কমান্ডার, উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিল, সোনাগাজী, ফেনী।

১০। সম্পাদক, উপজেলা স্কাউটস, সোনাগাজী, ফেনী।


১১। সভাপতি/সম্পাদক, বাস/ সিএনজি/ ইমা/ মাইক্রো মালিক সমিতি, সোনাগাজী, ফেনী।

১২। সভাপতি/সম্পাদক, বাস/ সিএনজি/ ইমা/ মাইক্রো চালক সমিতি, সোনাগাজী, ফেনী।

১৩। সভাপতি/সম্পাদক, বাজার বণিক সমিতি (সকল), সোনাগাজী, ফেনী।

১৪। সভাপতি/ সম্পাদক, সোনাগাজী প্রেসক্লাব/ রিপোর্টার্স ইউনিটি, সোনাগাজী, ফেনী।

১৫। জনাব.....

  
০৬.০৪.২০২৪

(কামরুল হাসান)

উপজেলা নির্বাহী অফিসার

সোনাগাজী, ফেনী।

☎ ০১৭১৩-১৮৭৩১৯

ই-মেইল : unosonagazi@mopa.gov.bd